



GRRIPP

Gender Responsive
Resilience and Intersectionality in
Policy and Practice



বঞ্চনার বাইরে: কাম্পালা মার্কেটে জেন্ডারভিত্তিক সহিংসতা কাটিয়ে ওঠার উপায় অন্বেষণ

উগান্ডা অ্যাসোসিয়েশন অফ উইমেন লয়ার্স (ফিডা উগান্ডা)

কাম্পালা, উগান্ডা

পটভূমি

ফিডা উগান্ডা (Uganda Association of Women Lawyers/ FIDA Uganda) ১৯৭৪ সালে গঠিত একটি নারীবাদী সংস্থা। সংস্থাটি ১৫টি অফিস এবং চারটি বিচারিক নেটওয়ার্কজুড়ে আইনি সহায়তা পরিষেবা প্রদান করে। এই অফিসগুলো আইনজীবী, কমিউনিটি আইনী স্বেচ্ছাসেবক (সিএলভি) এবং স্থানীয় কর্তৃপক্ষ দ্বারা সমর্থিত।

ফিডা উগান্ডা একইসাথে নারীদের জন্য আইনি সহায়তা পরিষেবা প্রদানকারী এবং ন্যায়বিচার, আইন ও শৃঙ্খলা বিষয়ে নারীদের পেশাগত উন্নয়নের প্রচারে কাজ করে। সংস্থাটি তৃণমূল, জাতীয় ও আন্তর্জাতিক এনজিওগুলোর সাথে যুক্ত যারা মানবাধিকার, আইনি সহায়তা বিধানের ওপর আলোকপাত করে।

ফিডা উগান্ডার গ্রিপ (Gender Responsive Resilience & Intersectionality in Policy & Practice/ GRRIPP) প্রকল্প বাস্তবায়নকারী হলেন লিনেট ডু টইট লুবুওয়া। তিনি একজন প্রোগ্রাম অফিসার এবং গবেষক। লিনেট প্রিটোরিয়া বিশ্ববিদ্যালয় থেকে আফ্রিকার মানবাধিকার এবং গণতন্ত্রিকরণে এলএলএম করেছেন। সিভিল সোসাইটিতে যোগদানের আগে তিনি দক্ষিণ আফ্রিকার সাংবিধানিক আদালত এবং কেনিয়ার সুপ্রিম কোর্টে আইন গবেষক ছিলেন।

উদ্দেশ্যসমূহ

ফিডা উগান্ডা নারীর সমর্থন ও ক্ষমতায়নে কাজ করে যাতে ভোটাধিকারহীনতা এবং দুর্বলতার চক্র ভেঙ্গে দিতে ভূমিকা রাখে। নারীবাদী সংগঠন হিসেবে একটি মডেলের অধীনে (Self-Actualisation Model of Empowerment/ SAME) সংস্থাটি নারীদের অর্থনৈতিক এবং আইনি সহায়তা প্রদান করার পাশাপাশি আর্থিক স্বাধীনতা প্রদান এবং শোষণ ও সহিংসতার ঝুঁকি কমায়।

ফিডা উগান্ডা প্রশিক্ষণ এবং প্রযুক্তিগত সহায়তা প্রদানের মাধ্যমে মূল ন্যায়বিচার সরবরাহকারী প্রতিষ্ঠান এবং দায়িত্ব বাহকদের মধ্যে সাংস্কৃতিক পরিবর্তনকে উৎসাহিত করতেও কাজ করে। ফিডা উগান্ডা এই প্রতিষ্ঠানগুলোর কর্মক্ষমতা নিরীক্ষণ করে এবং সুপারিশ তৈরি করে, বিশেষ করে জুডিশিয়াল সার্ভিস কমিশনের অভিযোগ পদ্ধতির মাধ্যমে, যাতে বিচার প্রদানের ব্যবস্থায় যেসব বাধা আছে তার সমাধান নিশ্চিত করা যায়।



নুমুকা নুরুয়াত, একজন নারী বিক্রেতা এবং কামওক্যা
বাজারে কর্মরত গবেষণায় অংশগ্রহণকারী,
FIDA-উগান্ডা


কার্যক্রম

- কমিউনিটি লিগ্যাল ভলান্টিয়ার (সিএলভি) হিসাবে কাম্পালা মার্কেটের ২০ জন নারীকে প্রশিক্ষণ দেওয়া হয়, যারা যৌন ও জেন্ডারভিত্তিক সহিংসতার (GBV) কেসগুলো দেখে এবং মধ্যস্থতা করে।
- ফেব্রুয়ারি ২০২২ – এপ্রিল ২০২২ এর মধ্যে নতুন প্রশিক্ষিত সিএলভি স্বেচ্ছাসেবক দ্বারা জেন্ডার-ভিত্তিক সহিংসতার মোট ২৪ টি কেস পরিচালনা করা হয়েছে।
- স্থানীয় কাউন্সিলের নেতা, কাম্পালা ক্যাপিটাল সিটি কর্তৃপক্ষের প্রতিনিধি, পুলিশ এবং ফিডা উগান্ডার আইনজীবীদের মধ্যে যোগাযোগ স্থাপন করা হয়।
- নাকাওয়া মার্কেট সিএলভি স্বেচ্ছাসেবকরা যৌন হয়রানি এবং লাঞ্ছনার বিষয়ে একটি সংবেদনশীল সেশন পরিচালনা করেছে।
- একজন বিক্রেতা, সুসান তাফুশ্বা, অতিমারি চলাকালীন জেন্ডার ভিত্তিক সহিংসতা মোকাবেলায় আইনি ক্ষমতায়ন দলগুলোর ভূমিকার ওপর একটি আঞ্চলিক গবেষণায় অংশ নিয়েছিলেন। তিনি ২০ এপ্রিল ২০২২-এ নাইরোবিতে ৭টি ভিন্ন দেশের ১০টি সংস্থার সাথে অনুষ্ঠিত একটি অ্যাডভোকেসি মিটিংয়ে উগান্ডার সম্প্রদায়ের প্যারালিগালদের প্রতিনিধিত্ব করেছিলেন।
- ফিডা উগান্ডা ২০২২ সালের সেপ্টেম্বরে মোক্সিকোতে অনুষ্ঠিত একটি ফোরামে (Sexual Violence Research Initiative Forum) কাম্পালায় নারীর প্রতি সহনশীলতা বৃদ্ধির উপায় বিষয়ে গবেষণাটি উপস্থাপন করেছে।
- সম্প্রতি, সংস্থাটি একটি উন্নয়ন সহযোগী (Investment Climate Reform/ ICR Facility) পেয়েছে যারা জলবায়ু পরিবর্তন রোধে বিনিয়োগ করে থাকে। এর মাধ্যমে আইনি কাজে সমর্থন এবং সহাবস্থান তৈরি করে ও সম্পর্কের ক্ষেত্রে নারীদের সম্পত্তির অধিকারের বিষয়ে প্রচারাভিযান শক্তিশালী হবে।

প্রভাব

ফিডা উগান্ডা নারীর আর্থসামাজিক অধিকার রক্ষার মাধ্যমে নারীদের জন্য ন্যায়বিচার প্রাপ্যতা বৃদ্ধি করেছে। এছাড়াও জেন্ডার-সংবেদনশীল শাসন এবং জনজীবনে নারীর কার্যকর অংশগ্রহণ এগিয়ে এনেছে।

(গ্রিপ) আফ্রিকার সহায়তায় ফিডা উগান্ডা সমাজে যে ধরনের পরিবর্তন এর পরিকল্পনা করেছিলো তা ত্বরান্বিত হয়েছে। অনানুষ্ঠানিক খাতে নারীদের ক্ষমতায়নের মাধ্যমে তারা নিজেদের এবং তাদের সহকর্মীদের জন্য ন্যায়বিচার সহজগম্য করেছে, বাজারের নেতাদের বিরুদ্ধে দাঁড়াতে, নেতৃত্বের কাঠামোতে যোগ দিতে, এবং বাজার কার্যক্রমে জেন্ডারভিত্তিক সহিংসতার বিরুদ্ধে কথা বলতে পেরেছে।



লিনেট ডু টইট, ফিডা
উগান্ডা প্রকল্প লিড
কাম্পালা, উগান্ডা

বঞ্চনার বাইরে: কাম্পালা মার্কেটে জেন্ডার-
ভিত্তিক সহিংসতা কাটিয়ে ওঠার উপায় অন্বেষণ
উগান্ডা অ্যাসোসিয়েশন অফ উইমেন লয়ার্স
(FIDA উগান্ডা)

Twitter: @FIDA_Uganda
LinkedIn: FIDA Uganda
Email: safeguarding@fidauganda.org
www.gripp.net

A project funded by 'Gender Responsive Resilience & Intersectionality in Policy & Practice' (GRRIPP) - Networking Plus Partnering for Resilience' a UKRI Collective Fund award



UK Research
and Innovation

